



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

**RESERVE BANK OF INDIA**

ওয়েবসাইট: [www.rbi.org.in](http://www.rbi.org.in)

ই-মেইল Email : [helpdoc@rbi.org.in](mailto:helpdoc@rbi.org.in)

যোগাযোগ বিভাগ কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S.B.S Marg, Mumbai-400001

ফোন/ Phone: 91 22 2266 0502 ফ্যাক্স /Fax : 90 22 2266 0358

জুন 30, 2017

### বিভিন্ন সমবায় সমিতিগুলিকে সদস্য নয় এমন ব্যক্তিদের কাছ থেকে জমা গ্রহণ করার জন্য সতর্কীকরণ

ভারতীয় রিজার্ভ ব্যাংকের নজরে এসেছে যে কিছু সমবায় সমিতি / প্রাথমিক সমবায় সমিতি, সদস্য নয় এমন ব্যক্তিদের / নমিনাল সদস্যদের / অ্যাসোসিয়েট সদস্যদের কাছ থেকে জমা গ্রহণ করছে। সাধারণ জনগণকে এই মর্মে জানানো হচ্ছে যে এই ধরনের সমবায় সমিতিগুলিকে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট 1949 (অ্যাজ অ্যাপ্লিকেশন টু কো-অপারেটিভ সোসাইটিস) এর অধীনে কোন অনুজ্ঞাপত্র (লাইসেন্স) জারি করা হয় নি উপরন্তু তারা ব্যাংকিং ব্যবসা পরিচালনা করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা অনুমোদনপ্রাপ্তও নয়। এই সমস্ত সংস্থার কাছে জমা করা আমানতের উপর ডিপোজিট ইনসুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন (ডি আই সি জি সি)-এর বীমা সুবিধা প্রাপ্তব্য নয়। সাধারণ জনগণকে অনুরোধ করা হচ্ছে সতর্ক হতে এবং এদের সঙ্গে লেনদেন করার আগে প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করতে।

প্রেস প্রকাশনি : 2016-2017/3546

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা